

প্রেস রিলিজ

১৩ জানুয়ারি ২০২৬

বাউবিতে “কর্মক্ষেত্রে কৃত্তিম বুদ্ধিমত্তা ব্যবহার” বিষয়ক প্রশিক্ষণ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম-এর নির্দেশনায় ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসিওরেন্স সেল (আইকিউএসি)-এর আয়োজনে “কর্মক্ষেত্রে কৃত্তিম বুদ্ধিমত্তা (AI) ব্যবহার” শীর্ষক এক প্রশিক্ষণ আজ ১৩ জানুয়ারি ২০২৬ তারিখ মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসের আইসিটি এন্ড ই-লার্নিং সেন্টারে (আইভিসিআর-১) অনুষ্ঠিত হয়।

দিনব্যাপী অনুষ্ঠিত প্রশিক্ষণে প্রধান অতিথি ও রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম। প্রশিক্ষণ অনুষ্ঠানের উদ্বোধনী বক্তব্যে অধ্যাপক শামীম বলেন, “কৃত্তিম বুদ্ধিমত্তা (এআই) মানুষের প্রতিদ্বন্দ্বী নয়, বরং কর্মক্ষেত্রে দক্ষতা, স্বচ্ছতা ও উৎপাদনশীলতা বৃদ্ধির একটি শক্তিশালী সহায়ক। তিনি উল্লেখ করেন, কৃত্তিম বুদ্ধিমত্তা (Artificial Intelligence) ব্যবহারের মাধ্যমে প্রশাসন, মানবসম্পদ ব্যবস্থাপনা ও শিক্ষাখাতে সিদ্ধান্ত গ্রহণ আরও তথ্যভিত্তিক ও কার্যকর হচ্ছে। রুটিন কাজ স্বয়ংক্রিয় হওয়ায় কর্মীরা সৃজনশীল ও কৌশলগত কাজে বেশি সময় দিতে পারছেন। তবে চাকরি, তথ্যের গোপনীয়তা ও নৈতিকতার বিষয়ে সতর্ক থাকার ওপর তিনি গুরুত্ব দেন। সঠিক নীতিমালা, মানবিক মূল্যবোধ ও দক্ষ জনবল গড়ে তুলতে পারলে এআই (AI) হবে আশীর্বাদ, অন্যথায় ঝুঁকি তৈরি করতে পারে। তিনি আরও বলেন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মতো ওপেন অ্যান্ড ডিস্ট্যান্স লার্নিং প্রতিষ্ঠানে এআই (AI) ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের অগ্রগতি বিশ্লেষণ, একাডেমিক সাপোর্ট ও প্রশাসনিক দক্ষতা বাড়িয়ে শিক্ষার গুণগত মান উন্নয়ন সম্ভব, যা বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে”।

প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসি’র পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ জহির রায়হান। তিনি বলেন, “কৃত্তিম বুদ্ধিমত্তা শিক্ষা ও প্রশাসনে বাস্তবভাবে ব্যবহৃত একটি কার্যকর প্রযুক্তি, যা সিদ্ধান্ত গ্রহণে নির্ভুলতা, সময় ও ব্যয় সাশ্রয় এবং মানবসম্পদের দক্ষতা বাড়াবে। এটি মানুষের বিকল্প নয়, বরং মানবিক দক্ষতাকে আরও শক্তিশালী করে। তবে তথ্য নিরাপত্তা ও নৈতিকতার চ্যালেঞ্জ মোকাবিলায় প্রশিক্ষণ ও দায়িত্বশীল ব্যবহার জরুরি। এই প্রশিক্ষণ কর্মসূচি বাউবিকে একটি আধুনিক ও প্রযুক্তিনির্ভর শিক্ষা প্রতিষ্ঠানে রূপান্তরে সহায়ক হবে”।

প্রশিক্ষণে রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আইসিটি ইউনিটের প্রধান ও আইসিটি কনসালটেন্ট মোঃ মুমিনুল ইসলাম। তিনি কৃত্তিম বুদ্ধিমত্তার পরিচিতি ও কর্মক্ষেত্রে এর বাস্তব প্রয়োগ, অফিস অটোমেশনে চিঠি, নোট ও রিপোর্ট ড্রাফটিং, পরীক্ষা সংক্রান্ত ডাটা বিশ্লেষণ ও অটোমেশন, নৈতিকতা, তথ্য নিরাপত্তা ও ঝুঁকি ব্যবস্থাপনা এবং প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণ ও ভবিষ্যৎ পরিকল্পনা বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। প্রশিক্ষণে তিনি প্রোজেক্টরের মাধ্যমে ডিজিটাল উপস্থাপনায় অংশগ্রহণকারীদের হাতে-কলমে বিষয়গুলো তুলে ধরেন।

প্রশিক্ষণ অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ মামুনের রশিদ। বাউবির বিভিন্ন স্কুল ও বিভাগ থেকে ৩৬ জন প্রশিক্ষণার্থী এ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

মো: খালেদুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)